

চাটমোহরে উপবৃত্তিপ্রাপ্তদের কাছ থেকে টাকা আদায়ের অভিযোগ

■ চাটমোহর (শাবনা) মহোদয়

উপজেলায় হাইকোর্সে বি-সুবি উচ্চ বিদ্যালয়ের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের কাছ থেকে বাধ্যতামূলকভাবে টাকা আদায় করার অভিযোগ পাওয়া গেছে। উপবৃত্তি বিতরণ করতে যাওয়া ব্যক্তিদের যাতায়াত ও খাওয়া-দাওয়া করানোর জন্য উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে ৩০ থেকে ৫০ টাকা করে উত্তোলন করেছেন কুন্দের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাবিদ উদ্দিন। অতিভাবক ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, হাইকোর্সে বি-সুবি উচ্চ বিদ্যালয়ের ২৩৫ জন উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীকে গত মরশুমের উপবৃত্তির টাকা প্রদান করা হয়। এর আগে গত পনিবার উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে ৩০ থেকে ৫০ টাকা করে প্রায় ১০ হাজার টাকা আদায় করে কুল কর্তৃপক্ষ। সেই টাকায় উপবৃত্তি বিতরণ কাজে নিয়োজিতদের খাওয়া-দাওয়া, যাতায়াত ভাড়া দেয়া হবে বলে কুল কর্তৃপক্ষ জানান। নাম প্রকাশ না করার শর্তে একাধিক শিক্ষার্থী জানান, আমাদের কাছ থেকে সারসরা বাধ্যতামূলকভাবে টাকা আদায় করেছেন। আদায়কৃত টাকায় উপবৃত্তি বিতরণ কাজে নিয়োজিতদের যাতায়াত ও ভূরিভোগ করানো ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিজে পকেটস্থ করেন।